কালের কণ্ঠ

তারিখ ...01 APR 2017...
পৃষ্ঠা ...১৬... কলাম ...১...

# 'প্রশিক্ষণ ছাড়া ভালো শিক্ষক হওয়া যায় না'

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷

স্কুল শিক্ষকদের আন্তর্জাতিকমানের প্রশিক্ষণ দিতে চট্টগ্রামে প্রথমবারের মতো উদ্যোগ নিয়েছে 'ফ্রোবেল ট্রেনিং একাডেমি'। এরই অংশ হিসেবে ভারতের পুনেতে অবস্থিত সুন্দারজী ইনস্টিটিউশনসের প্রশিক্ষকদের সরাসরি তত্ত্বাবধানে চট্টগ্রাম বিভিন্ন স্কুলের ১৪০ শিক্ষিকাকে ছয় মানের প্রশিক্ষণ দিয়েছে প্রতিষ্ঠানটি।

ফ্রোবেল একাডেমি 'বিএসআরএম গ্রুপ অব কম্পানিজের' একটি উদ্যোগ। 'অনুভূতির পরিবর্তন-শ্রেণিকাঙ্ক্ষিক সমাজ গঠন' শীর্ষক কোর্সটির গতকাল শুক্রবার সমাপনী দিনে প্রধান অতিথি ছিলেন একাডেমির উদ্যোক্তা এবং বিএসআরএম গ্রুপের চেয়ারম্যান আলী হোসাইন আকবর আলী। তিনি বলেন, 'প্রশিক্ষণ ছাড়া ভালো শিক্ষক হওয়া যায় না। ফ্রোবেল একাডেমি কোনো ব্যবসায়িক চিন্তা-ভাবনা থেকে করা হয়নি। বরং সারা দেশে শিক্ষা বিস্তারে ভূমিকা রাখতেই বিএসআরএম গ্রুপ সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে এ একাডেমি গড়ে তুলেছে। এ খাত থেকে অর্জিত মুনাফা আর্থ-সামাজিক উন্নয়নে ব্যয় করা হয়।'

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিএসআরএম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক আমীর আলী হোসাইন, পরিচালক হাওরা জোহাইর এবং সাবিন আমীর উপস্থিত ছিলেন।